

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ২৬টি প্রতিষ্ঠানকে ১.৭৩ লক্ষ টাকা জরিমানা

২০ এপ্রিল ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৮ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, কুমিল্লা, লক্ষ্মীপুর, সাতক্ষীরা, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ ও দিনাজপুরে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ সুলতানার নেতৃত্বে ঢাকা মহানগরীর ক্যান্টনমেন্ট এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে শাহিন শপিং কমপ্লেক্সকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয় ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে কোস্টাল ভ্যারাইটিস স্টোরকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আনন্দ মিঠাই ও বেকারীকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকাসহ মোট ৬০,০০০/- (ষাট হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য -পণ্য তৈরীর অপরাধে বিজয় সরণী রেস্টোরাঁকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে সর মালাই সুইটস এন্ড বেকারীকে ৬,২০০/- (ছয় হাজার দুইশত) টাকাসহ মোট ২১,২০০/- (একুশ হাজার দুইশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সাতক্ষীরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনের আলমের নেতৃত্বে সাতক্ষীরা সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১৭,০০০/- (সতের হাজার) টাকা, দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল নাঈমের নেতৃত্বে দিনাজপুরের বিরল উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লার মনোহরগঞ্জ থানায় ৫টি প্রতিষ্ঠানকে ১২,৫০০/- (বার হাজার পাঁচশত) টাকা, লক্ষ্মীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইবের নেতৃত্বে লক্ষ্মীপুরের কমলাপুর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা, রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সাইফুল আলমের নেতৃত্বে রাজশাহীর গোদাগাড়ী উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ১৩,০০০/- (তের হাজার) টাকা এবং চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক কৃষ্ণ পদ ঢালীর নেতৃত্বে চাঁপাইনবাবগঞ্জের গোমস্তাপুর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ২৮,০০০/- (আটাশ হাজার) টাকাসহ ৯২,০০০/- (বিরানব্বই হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য -পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, সেবাগ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় ও খাদ্যপণ্যের নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৮টি বাজার তদারকিতে ২৬টি প্রতিষ্ঠানকে মোট ১,৭৩,২০০/- (এক লক্ষ তেহাত্তর হাজার দুইশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, মৎস্য কর্মকর্তার প্রতিনিধি, বাজার কর্মকর্তা, শিল্প ও বণিক সমিতি ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, যা ব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী ও রংপুর।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, কুমিল্লা, লক্ষ্মীপুর, সাতক্ষীরা, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ ও দিনাজপুর।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর, কুমিল্লা, লক্ষ্মীপুর, সাতক্ষীরা, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ ও দিনাজপুর।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।